চাপ থাকলেও ইরান যুদ্ধে জড়াবে না যুক্তরাজ্য: স্টারমার



প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। ছবি: সংগৃহীত

ইরানকে কেন্দ্র করে চলমান যুদ্ধ পরিস্থিতিতে যুক্তরাজ্যের সরাসরি অংশগ্রহণের দাবি প্রত্যাখ্যান করেছেন প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। তিনি স্পষ্ট করে বলেছেন, এ ধরনের কোনো যুদ্ধে জড়িয়ে পড়ার চাপ তিনি মানবেন না। বিষয়টি জানিয়েছে বিবিসি।

বুধবার (১৫ এপ্রিল) পার্লামেন্টে বক্তব্য দিতে গিয়ে স্টারমার বলেন, এই সংঘাত ব্রিটেনের নয়, তাই এতে যুক্ত হওয়ার কোনো যৌক্তিকতা নেই। ভিন্ন সিদ্ধান্ত নেওয়ার জন্য তার ওপর নানা দিক থেকে চাপ আসছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি আরও বলেন, তিনি তার অবস্থান পরিবর্তন করবেন না এবং যুক্তরাজ্যকে এই যুদ্ধে না জড়ানোই দেশের স্বার্থে সঠিক সিদ্ধান্ত। একই সঙ্গে তিনি জানান, তিনি পরিস্থিতি সম্পর্কে পুরোপুরি সচেতন এবং নিজের সিদ্ধান্তে অটল থাকবেন।

এর আগে এক সাক্ষাৎকারে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য বাণিজ্য চুক্তি নিয়ে মন্তব্য করেন, যেখানে তিনি বলেন, ভবিষ্যতে এর শর্তাবলি পরিবর্তনের সুযোগ থাকতে পারে। তার ওই বক্তব্যের পরই স্টারমারের এই প্রতিক্রিয়া সামনে আসে।